বাংলাদেশ কৃষি ব্যাংক
ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ
(মানি লন্ডারিং প্রতিরোধ সেল)
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ফোন ৯৫৫৩০২৮
৪৭১২০৫১৩
Email:dgmrmd@krishibank.org.bd

প্রকা/আরএমডি(৩০)/অংশ-৮/২০২১-২২/৪৯৩ তাং- ২৯-০৮-২০২১

০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
০২। সকল আঞ্চলিক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক।
০৩। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা।
০৪। সকল শাখা ব্যবস্থাপক (আঞ্চলিক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ ব্যাংক ব্যবস্থাপনার নির্দেশনানুযায়ী মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক ১৭ টি ফাইল ও BAMLCO এর নামফলক সংরক্ষন ,নগদ লেনদেন (CTR) ও সন্দেহজনক লেনদেন রিপোটিং (STR) এর ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহন বিষয়ে ।

০২। শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে।

০৩। গত ২৭/০৮/২০২১ তারিখে অনুষ্ঠিত শাখা ব্যবস্থাপক সন্মেলন ২০২১-২০২২ এ অংশ গ্রহন কারী সকল কর্মকর্তাদের প্রতি ব্যাংক ব্যবস্থাপনার প্রেরিত বক্তব্যের মধ্যে অন্যতম উল্লেখযোগ্য বক্তব্য ছিল মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক প্রয়োজনীয় সংখ্যক ফাইল সংরক্ষন ,নগদ লেনদেন(CTR) ও সন্দেহজনক লেনদেন রিপোটিং (STR) এর ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহন।

০৪। উল্লেখ্য এ বিষয়ে এর আগেও বার বার নির্দেশনা প্রেরন করা সত্ত্বেও উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক শাখা পরিদর্শনকালে অনেক শাখায় এ বিষয়ক গাফেলতি বা অসম্পূর্নতা পরিলক্ষিত হয়েছে । এবং এ ধরনের গাফেলতি বাংলাদেশ ব্যাংকের নিকট অত্র ব্যাংকের ভাবমূর্তি ক্ষুন্ন করছে। এমতানস্থায় বিকেবির প্রতিটি শাখায় ব্যাংক ব্যবস্থাপনার নির্দেশক্রমে নিম্নোবর্নিত ১৭ টি ফাইল ও BAMLCO এর নামফলক যথাযথবাবে সংরক্ষন করাসহ, নগদ লেনদেন(CTR) ও সন্দেহজনক লেনদেন রিপোটিং(STR) এর ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহন করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করার জন্য নির্দেশনা প্রদান করা হল।

ক) **১৭ টি ফাইলের তালিকা-**

১) এএমএল সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের সার্কুলার;
২) বাংলাদেশ কৃষি ব্যাংকের CCC এর নির্দেশনা/ গাইডলাইনস ইত্যাদি বিষয়ক ফাইল;
৩) মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত প্রশিক্ষণ সংক্রান্ত ফাইল;
৪) শাখার BAMLCO এর নিয়োগপত্র/ অফিস অর্ডার সংক্রান্ত ফাইল;
৫) রিপোর্টিং অফিসারের নিয়োগপত্র/ অফিস অর্ডার সংক্রান্ত ফাইল;
৬) মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত ত্রৈমাসিক সভার ফাইল;
৭) নগদ লেনদেন রিপোর্ট (CTR) সংক্রান্ত ফাইল;
৮) অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন রিপোর্ট (STR) সংক্রান্ত ফাইল;
৯) KYC Procedure সম্পন্নকরণ (৩০-০৪-২০০২ তারিখের পূর্বে খোলা হিসাবসমূহের- সুপ্ত হিসাবের) সম্পর্কিত ফাইল;
১০) TP ও KYC হালনাগাদকরণ (আপগ্রেড)/ মনিটরিং সংক্রান্ত ফাইল;
১১) Self Assessment সংক্রান্ত ফাইল;
১২) বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন (System check) সম্পর্কিত ফাইল;
১৩) বাংলাদেশ ব্যাংক, দুদক, এনবিআর, কাস্টমস ইত্যাদি প্রতিষ্ঠান থেকে চাহিত ব্যাংক হিসাবের তথ্য সংক্রান্ত ফাইল।
(১৪) PEPs & IP সংক্রান্ত ফাইল;
(১৫) Sanction Screening ফাইল;
(১৬) False Positive সংক্রান্ত ফাইল;
(১৭) High Risk Customer সংক্রান্ত ফাইল;

খ) এছাড়া সিটিআর(CTR) যোগ্য সকল লেনদেন এর সিটিআর(CTR) রিপোর্ট করতে হবে এবং অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন (STR/SAR) নির্ণয়ের জন্য নগদ লেনদেন, সকল প্রকার ফরেন রেমিট্যান্স, Online,ATM সকল লেনদেনসমূহ নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে । সেই সাথে কোন লেনদেন অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন হিসেবে পরিগনিত হলে তা তৎক্ষনাৎ তা প্রধান কার্যালয়ের মানিলন্ডারিং প্রতিরোধ সেল কে অবহিত করার জন্য নির্দেশনা দেয়া হলো।

০৫। উল্লেখ্য শাখা পরিদর্শনকালে কোন উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক শাখায় মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত ১৭ টি ফাইল ও BAMLCO এর নামফলক সংরক্ষন ,নগদ লেনদেন (CTR) ও সন্দেহজনক লেনদেন রিপোটিং (STR) এর বিষয়ে কোন গাফেলতি পরিলক্ষিত হলে কর্তৃপক্ষ কর্তৃক প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করা হবে।

আপনার বিশ্বস্ত,

(মোঃ আকতার হোসেন)
উপমহাব্যবস্থাপক
ও
উপ-প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)

( মোঃ দিদারুল ইসলাম মজুমদার)
মহাব্যবস্থাপক(আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ)
ও
প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO)

অনুলিপি: ০১। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।তাঁকে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।